

রিটেইল নিয়োগকর্তা/কর্মীদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য: NYC এর FAIR WORKWEEK LAW

গ্রাহক বিষয়ক বিভাগের (Department of Consumer Affairs, DCA) শ্রম নীতি ও মানক অফিস (Office of Labor Policy & Standards, OLPS) NYC's Fair Workweek Law (ন্যায্য কর্ম-সপ্তাহের আইন) বলবৎ করে, যা নভেম্বর 26, 2017 থেকে কার্যকরী। DCA নিয়োগকর্তা এবং কর্মীদের জন্য এই সংক্ষিপ্ত বিবরণ তৈরি করেছে। প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী সহ আরো তথ্যের জন্য nyc.gov/dca দেখুন।

দ্রষ্টব্য:

- নিয়োগকর্তারা কর্মীদের বিরুদ্ধে তাদের আইনি অধিকার খর্ব করার জন্য শাস্তি, জরিমানা করতে পারবেন না, প্রতিশোধ নিতে পারবেন না অথবা কোন পদক্ষেপ নিতে পারবেন না। কর্মীদের প্রতি প্রতিশোধমূলক আচরণ করা হলে তাদেরকে অবিলম্বে OLPS এর সঙ্গে যোগাযোগ করতে হবে। অন্য দিকটি দেখুন।
- এই আইনটি কর্মীদেরকে, তাদের অভিবাসন স্থিতি নির্বিশেষে, আওতায় আনে।



আইন সম্পর্কে

Fair Workweek Law অধীনে NYC এর রিটেইল নিয়োগকর্তাদেরকে অবশ্যই কর্মীদের আনুমানিক কার্যসূচি প্রদান করতে হবে।

আওতাভুক্ত নিয়োগকর্তারা

উপ-ঠিকাদার ও সাময়িক হেল্প ফার্ম যাদের কর্মীরা NYC তে রিটেইল ব্যবসায়িক সংস্থায় কাজ করে তাদের সহ-নিয়োগকর্তা। আওতাভুক্ত/আওতাভুক্ত নয় কর্মীদের বিভাগ দেখুন।

রিটেইল বিজনেস হল NYC এর সেইসব দোকান যেখানে 20 বা তার বেশি ভোগ্যপণ্য বিক্রয় করে।

আওতাভুক্ত/আওতাভুক্ত নয় কর্মীরা

আওতাভুক্ত

NYC এর রিটেইল বিজনেসের স্টোরে যেসব কর্মীরা কাজ করেন। আওতাভুক্ত নিয়োগকর্তাদের বিভাগ দেখুন।

আওতাভুক্ত নয়

নির্দিষ্ট যৌথ দরকষাকষির চুক্তির আওতাভুক্ত কর্মীরা।

কর্মীর অধিকারের সংক্ষিপ্ত বিবরণ



কাজের সময়সূচির 72 ঘন্টার (3 দিন) অগ্রিম বিজ্ঞপ্তি



কোন অন-কল শিফট নয়

শিফট শুরুর 72 ঘন্টার মধ্যে কোনো কল-ইন শিফট নেই



কর্মীর সম্মতি ছাড়া 72 ঘন্টার বিজ্ঞপ্তির কম সময়ে কোন শিফট যোগ করা যাবে না



72 ঘন্টার মধ্যে বিজ্ঞপ্তি দিয়ে না জানালে কোন শিফট বাতিল করা যাবে না

অধিকারের বিজ্ঞপ্তি

নিয়োগকর্তাদেরকে অবশ্যই “YOU HAVE A RIGHT TO A PREDICTABLE WORK SCHEDULE (আপনার আনুমানিক কার্যসূচি পাওয়ার অধিকার আছে)” বিজ্ঞপ্তি NYC এর কর্মস্থলের এমন জায়গায় লাগাতে হবে যেখানে কর্মীরা সহজেই দেখতে পায়।

নিয়োগকর্তাকে অবশ্যই এই বিজ্ঞপ্তি সেই ভাষায় টাঙাতে হবে যে ভাষায় অন্তত 5 শতাংশ কর্মী কথা বলেন, যদি তা DCA ওয়েবসাইট nyc.gov/dca এ উপলব্ধ থাকে তাহলে।

রেকর্ড রাখা বা তথ্য রাখা

নিয়োগকর্তাদেরকে অবশ্যই যে রেকর্ড রাখতে হবে:

- প্রতি সপ্তাহে কর্মীর সময়
- প্রতিটি কর্মী যে শিফট করেছে তার তারিখ, সময় ও স্থান
- যখন প্রয়োজন তখন সময়সূচি পরিবর্তনের জন্য লিখিত সম্মতি
- কর্মীদের প্রদত্ত প্রতিটি লিখিত সময়সূচি

নিয়োগকর্তাদেরকে তিন (3) বছরের ইলেক্ট্রনিক কমপ্লায়েন্স রেকর্ড অবশ্যই রাখতে হবে। যদি কোন নিয়োগকর্তা রেকর্ড রাখতে সমর্থ না হন অথবা দেখাতে না পারেন তাহলে কর্মীরা আদালতে এই অভিযোগ জানালে তাদের অনুকূলে “rebuttable presumption (রিবাটেবল প্রিজাম্পসন)” পাবেন। এর মানে হল এই যে নিয়োগকর্তাদেরকে দেখাতে হবে যে তারা আইনভঙ্গ করেননি।

অভিযোগ

OLPS এর মাধ্যমে অভিযোগ করা nyc.gov/dca এ যান অথবা **311** (NYC এর বাইরে 212-NEW-YORK) নম্বরে ফোন করে “Fair Workweek Law” এর জন্য বলুন। OLPS একটি তদন্তের ব্যবস্থা করবে এবং অভিযোগের সমাধান করতে চেষ্টা করবে। **তদন্ত সম্পূর্ণ করার জন্য বা আইন অনুসারে প্রয়োজনীয় না হওয়া পর্যন্ত OLPS অভিযোগকারীর পরিচয় গোপন রাখবে।**

আদালতের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ তবে, কর্মীরা OLPS এর মাধ্যমে অভিযোগ এবং আদালতে দাবি একই সঙ্গে করতে পারবেন না।

OLPS এর সঙ্গে যোগাযোগ করুন

nyc.gov/dca দেখুন, FWW@dca.nyc.gov এ ইমেল করুন অথবা **311** নম্বরে ফোন করে “Fair Workweek Law” এর জন্য বলুন।



Bill de Blasio
Mayor

**Consumer
Affairs**

Lorelei Salas
Commissioner

সম্মুখশাশী সম্প্রদায় তৈরি করতে নিউইয়র্কবাসীদেরকে NYC উপভোক্তা বিষয়ক দপ্তর NYC Department of Consumer Affairs (DCA) সুরক্ষা দেয় ও দৈনিক আর্থিক অবস্থার উন্নতি করে।